

শিক্ষামন্ত্রীর দপ্তর

ডিপ্লোমা পাস করা শিক্ষার্থীদের সব বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যবস্থা থাকা উচিত - মাননীয় শিক্ষামন্ত্রী

ঢাকা, ২৬ চৈত্র (৯ এপ্রিল):

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ডিপ্লোমা পাস করা শিক্ষার্থীদের সব বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যবস্থা থাকা উচিত। তিনি আজ রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) এর উদ্যোগে 'ফিউচার অব এডুকেশন ইন বাংলাদেশ পারসপেক্টিভ' শীর্ষক সেমিনারে এ মন্তব্য করেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে বয়সের সীমাবদ্ধতা থাকা উচিত নয়। যে কোনো ডিসিপ্লিন থেকে যে কেউ এসে বিশ্ববিদ্যালয়ে যেন ভর্তি হতে পারে সে ব্যবস্থা থাকা উচিত। ডিপ্লোমা পাস করা শিক্ষার্থীরা শুধু ডুয়েটে নয় বরং সকল বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে সে ব্যবস্থা থাকা উচিত।

সেমিনারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মুনাজ আহমেদ নূর শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে চতুর্থ শিল্প বিপ্লবের অজানা ভবিষ্যতের নতুন কর্মসংস্থানের জন্য তরুণ প্রজন্মকে প্রস্তুত করার আহ্বান জানান।

তিনি বলেন, ভবিষ্যতে কোন ধরনের কর্মসংস্থান থাকবে তা এখনও আমাদের অজানা। অনেক কর্মসংস্থান হারিয়ে যাবে তবে কিছু কর্মসংস্থান সবসময়ই থাকবে। আবার নতুন কর্মসংস্থানও সৃষ্টি হবে। এমন একটি অজানা ভবিষ্যতের জন্য তরুণ প্রজন্মকে প্রস্তুত করা কঠিন হলেও আমাদের সেদিকে এগিয়ে যেতে হবে।

সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ও আইইবি'র প্রাক্তন প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার মোঃ আবদুস সবুর, আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (এইচআরডি) বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মোঃ নুরুজ্জামান।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

